# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৪২

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ আমরা পূর্বের হাদীসে যা বর্ণনা করলাম তার কিছু বর্ণনা বিষয়ে হাদীস

## ذِكْرُ الْإِخْبَارِ عَنْ وَصْفِ الْبَعْضِ الْآخَرِ لِقَصْدِ النَّعْتِ فِي الْخَبَرِ الَّذِي ذَكَرْنَاهُ

আরবী

742 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا أَبُو هَمَّامٍ قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنَا حَيْوَةُ بْنُ شُرَيْحٍ عَنْ عَقِيلِ بْنِ خَالِدٍ عَنْ سَلَمَةَ بْنِ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ أَبِيهِ عَنِ ابْنِ مَسْعُودٍ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ:
(كَانَ الْكِتَابُ الْأَوَّلُ يَنْزِلُ مِنْ بَابٍ وَاحِدٍ وَعَلَى حَرْفٍ وَاحِدٍ وَنَزَلَ الْقُرْآنُ مِنْ سَبْعَةِ أَبْوَابٍ عَلَى سَبْعَةِ أَحْرُفٍ: زَاجِرٌ وَآمِرٌ وَحَلَالٌ وَحَرَامٌ وَمُحْكَمٌ وَمُتَشَابِهٌ وَأَمْثَالٌ فأحلُّوا حَلَالَهُ وحرِّموا حَرَامَهُ وَافْعَلُوا مَا أُمرتم بِهِ وَانْتَهُوا عَمَّا نُهِيتُم عَنْهُ وَاعْتَبِرُوا بِأَمْثَالِهِ وَاعْمَلُوا بِمُحْكَمِهِ وَآمِنُوا بِمُتَشَابِهِهِ وَقُولُوا: آمَنَّا بِهِ كُلٌّ مِنْ عِنْدِ رَبِّنَا)
الراوي : ابْن مَسْعُودٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 742 | خلاصة حكم المحدث: ضعيف بزيادة: ((زاجر ... )) إلخ

বাংলা

৭৪২. আব্দুল্লাহ বিন মাস‘ঊদ রাদ্বিয়াল্লাহু তা‘আলা আনহু থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “পূর্ববর্তী কিতাব এক দরজা দিয়ে এক রীতিতে অবতীর্ণ হতো, আর কুর‘আন অবতীর্ণ হয়েছে সাত দরজা দিয়ে সাত পঠন-রীতিতে। তা হলো: ধমক, আদেশ, হালাল, হারাম, সুস্পষ্ট আয়াত, দ্ব্যর্থবোধক আয়াত ও উপমাসমূহ। সুতরাং তোমরা তাঁর হালালকে হালাল, হারামকে হারাম গণ্য করো, তোমাদের যা আদেশ করা হয়েছে, তা পালন করো, যা থেকে নিষেধ করা হয়েছে, তা থেকে বিরত থাকো, তার উপমা সমূহ থেকে উপদেশ গ্রহণ করো, তার সুস্পষ্ট আয়াত অনুযায়ী আমল করো, তার দ্ব্যর্থবোধক আয়াতের প্রতি ঈমান আনয়ন করো আর বলো, “আমরা তার প্রতি ঈমান আনয়ন করলাম। সবই আমাদের প্রতিপালকের পক্ষ থেকে এসেছে।”[1]

## ফুটনোট

[1] হাকিম: ১/৫৫৩; আত তাবারী: ৬৭; মুশকিলুল আসার: ৪/১৮৪; আত তাবারানী আল কাবীর: ৮২৯৬।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে দুর্বল বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে ধমক... থেকে এর পর পর্যন্ত হাদীসকে দুর্বল বলেছেন। (আত তা'লীক আলা সহীহিল মাওয়ারিদ: ১২৬৮, ১৫২১।)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89245

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন